দৈনিক
ইত্তেফাক

তারিখ 10 SEP 2007
পৃষ্ঠা ৩ কলাম ৪

৫ Report

# উপানুষ্ঠানিক শিক্ষানীতি বাস্তবায়নে নীতিনির্ধারণী মহলের সদিচ্ছা থাকতে হবে

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

গতকাল রবিবার "উপানুষ্ঠানিক শিক্ষানীতি : বাস্তবায়ন কৌশল" শীর্ষক সেমিনারে বলা হয়, এ নীতি বাস্তবায়ন করতে সরকারের নীতিনির্ধারণী মহলের সদিচ্ছা থাকতে এবং এ ক্ষেত্রে পর্যাপ্ত বিনিয়োগ করতে হবে। নইলে এ নীতির বাস্তবায়ন আলোচনার মধ্যে সীমাবদ্ধ থাকবে।

**সেমিনারে বক্তারা**

আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উপলক্ষে রাজধানীর এলজিইডি মিলনায়তনে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় আয়োজিত সেমিনারে প্রধান অতিথি ছিলেন মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব মোহাম্মদ মোশাররফ হোসাইন ভূঁইয়া। সেমিনারে বক্তব্য রাখেন ঢাকা আহ্ছানিয়া মিশনের প্রধান নির্বাহী কাজী রফিকুল আলম, গণসাক্ষরতা অভিযানের পরিচালক রাশেদা কে চৌধুরী, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর পরিচালক মো রফিকুজ্জামান, ইউনিসেফের শিক্ষা শাখার প্রধান নবেন্দ্র দাহাল প্রমুখ।

কাজী রফিকুল আলম বলেন, মা বাবা শিক্ষিত না হলে সন্তানও শিক্ষিত হবে না। তাই বয়স্ক শিক্ষার প্রয়োজন রয়েছে। এ নীতি বাস্তবায়ন করতে হলে দেশের সবাইকে এক সাথে কাজ করতে হবে। তিনি বলেন, সাক্ষরতার হার নিয়ে তথ্য বিভ্রান্তি দূর করে সরকারের উচিত নির্ভরযোগ্য তথ্য প্রকাশ করা।